# জাপানে এনসিপি প্রতিনিধি দল, প্রবাসীদের সাথে মতবিনিময় কর্মসূচি শুরু




সংগৃহীত ছবি

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর প্রতিনিধি দল জাপানের টোকিওতে পৌঁছেছে। প্রবাসীদের অভ্যর্থনা পেয়ে তারা টোকিও ও ওসাকায় বিভিন্ন সভা-সমাবেশে যোগ দেবেন এবং বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তাদের সঙ্গে বৈঠক করবেন।

জাতীয় নাগরিক পার্টি (এনসিপি)-এর প্রতিনিধি দল জাপানে পৌঁছেছে। শুক্রবার (১২ সেপ্টেম্বর) স্থানীয় সময় সকাল ৬টা ৩০ মিনিটে টোকিওর নারিতা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন তারা। সেখানে জাপানে বসবাসরত প্রবাসী বাংলাদেশিরা ফুল দিয়ে তাদের বরণ করে নেন।

প্রতিনিধি দলটি বৃহস্পতিবার (১১ সেপ্টেম্বর) দুপুর দেড়টার ফ্লাইটে ঢাকার শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর থেকে জাপানের উদ্দেশে রওনা হয়। দলে ছিলেন এনসিপির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম, মুখ্য সমন্বয়ক নাসীরুদ্দীন পাটওয়ারী এবং যুগ্ম মুখ্য সমন্বয়ক মাহবুব আলম।

এ সফরে তারা টোকিও ও ওসাকায় প্রবাসী বাংলাদেশি কমিউনিটি ও এনসিপির সমর্থকদের সঙ্গে মতবিনিময় করবেন। একই সঙ্গে জাপানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে রাষ্ট্রদূতের সঙ্গে বৈঠক করে প্রবাসীদের সমস্যা, চ্যালেঞ্জ ও সম্ভাবনা নিয়ে আলোচনা করবেন।

এর আগে এনসিপির শীর্ষ পর্যায়ের একটি প্রতিনিধি দল গত ২২ আগস্ট তিন দিনের সফরে মালয়েশিয়া এবং ২৬ আগস্ট চার দিনের সফরে চীন ভ্রমণ করে। উভয় সফরেই দলের আহ্বায়ক নাহিদ ইসলাম নেতৃত্ব দেন। তবে এবারের জাপান সফরে তিনি অনুপস্থিত